

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭৭৮

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯. প্রথম অনুচ্ছেদ - সালাতে সুতরাহ (সুতরা)

بَابُ السُّتْرَةِ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «تَقْطَعُ الصَّلَاةُ الْمَرْأَةُ وَالْحِمَارُ وَالْكَلْبُ. وَيَقِيٌّ ذَلِكَ مُثْلٌ مُؤْخَرَةِ الرَّحْلِ». رَوَاهُ مُسْلِمٌ

বাংলা

৭৭৮-[৭] আবু হুরায়রাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ নারী, গাধা ও কুকুর সালাত (সামনে দিয়ে অতিক্রম করে) নষ্ট করে। আর এর থেকে রক্ষা করে হাওদার (পেছনে দণ্ডয়মান) ডাঙ্গার ন্যায় কিছু বস্তু। (মুসলিম)[১]

ফুটনোট

[১] সহীহ : মুসলিম ৫১১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ তিনটি ফাসিদ করে দেয় অথবা মনোযোগ নষ্ট করে দেয়, যার কারণে সালাতের সাওয়াব কমে যায়। আর এটা তখন হয় যখন সালাত (সালাত/নামায/নামাজ) আদায়কারীর সম্মুখে কোন সুতরাহ (সুতরা) থাকে না।

মতিলা বলতে ঐ নারীকে বুঝানো হয়েছে যার মাসিক হয়, অর্থাৎ- সে এমন বয়সে পৌঁছেছে যে বয়স হলে হায়িয হয়। আর এ বিধান **মার্মাহ** শব্দ থেকেই বের হয়ে আসে। তাই কোন নাবালিকা মেয়ে যদি সালাত আদায়কারীর সম্মুখ দিয়ে যাতায়াত করে তবে তার সালাত নষ্ট হবে না।

সালাত আদায়কারীর সামনে দিয়ে কুকুর যাতায়াত করলে সালাত ফাসিদ হয়ে যায়। অন্য হাদীসে কুকুর বলতে কালো কুকুরকে বুঝানো হয়েছে।

গাধা, কাফির, কুকুর ও মহিলা - এদের মধ্যে কেউ সালাত আদায়কারীর সামনে দিয়ে গেলে সালাত নষ্ট হয়ে যায়,
এ মর্মে অনেক হাদীস বর্ণিত হয়েছে, যাদের সকলেই নির্ভরযোগ্য। তবে রসূল সান্নাজ্ঞান্ত আলাইহি ওয়াসান্নাম
থেকে আরো একটি হাদীস এ মর্মে বর্ণিত হয়েছে যে, **لَا يَقْطُعُ الصَّلَاةَ شَيْءٌ**

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=55337>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন